# বাসাইল পৌরসভা কার্যালয়
## বাসাইল, টাঙ্গাইল।

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং : বাসাপৌর/প্রশা/সাধা-৩০৬/২০২৪-১১৭ তারিখ : ১২ ফেব্রুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ।

**বাসাইল পৌরসভার নিয়ন্ত্রাধীন বাসাইল হাট ও বাসাইল বাজার কসাইখানা ১৪৩১ বাংলা সনের জন্য ইজারার দরপত্র বিজ্ঞপ্তি**

এতদ্বারা সর্বসাধারণকে জানানো যাচ্ছে যে, বাসাইল পৌরসভার নিয়ন্ত্রাধীন বাসাইল হাট ও বাসাইল বাজার কসাইখানা ১৪৩১ বাংলা সনের (১ বৈশাখ থেকে ৩০ চৈত্র পর্যন্ত) জন্য ০১ (এক) বছর মেয়াদে বর্ণিত শর্তানুযায়ী ইজারা প্রদানের নিমিত্তে আগ্রহী ইজারাদার-ব্যাক্তিবর্গের কাছ থেকে সীলমোহরকৃত খামে দরপত্র আহ্বান করা যাচ্ছে। দরপত্র সংক্রান্ত যাবতীয় তথ্য নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় থেকে অফিস চলাকালীন সময়ে জানা যাবে। দরপত্র বিজ্ঞপ্তি, সিডিউল ইত্যাদি প্রতি সেট বর্ণীত তফসীলে নির্ধারিত মূল্যে (অফেরতযোগ্য) টাঙ্গাইল জেলা প্রশাসকের, বাসাইল উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, বাসাইল উপজেলা সহকারি কমিশনার (ভূমি) এর কার্যালয়, বাসাইল থানা, সোনালী ব্যাংক পিএলসি এর বাসাইল শাখা ও নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় থেকে বর্ণিত সময়ানুযায়ী অফিস চলাকালীন সময়ে ক্রয় করা যাবে। যা টাঙ্গাইল জেলা প্রশাসকের কার্যালয়, টাঙ্গাইলের পুলিশ সুপারের কার্যালয়, বাসাইল উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, বাসাইল উপজেলা সহকারি কমিশনার (ভূমি) এর কার্যালয় ও নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে রক্ষিত দরপত্র বাক্সে তফসীলে বর্ণিত নির্ধারিত তারিখে সকাল ৯.০০ টা থেকে বেলা ০১.০০ টা পর্যন্ত দরপত্র গ্রহণ করা হবে। দাখিলকৃত দরপত্র সিডিউল একই দিন বিকেল ৩.০০ টায় উপস্থিত দরদাতাগণের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।

**তফসীল**

| নং | ইজারার বিবরণ | সম্ভাব্য সরকারি মূল্য | সিডিউলের মূল্য | সিডিউল বিক্রয়ের শেষ তারিখ | দরপত্র দাখিলের তারিখ |
|---|---|---|---|---|---|
| ০১ | বাসাইল হাট | ১২,২৫,০০০/- | ৩,২০০/- | প্রথম বার ২৭.০২.২০২৪<br>দ্বিতীয় বার ১০.০৩.২০২৪<br>তৃতীয় বার ১৮.০৩.২০২৪ | প্রথম বার ২৮.০২.২০২৪<br>দ্বিতীয় বার ১১.০৩.২০২৪<br>তৃতীয় বার ১৯.০৩.২০২৪ |
| ০২ | বাসাইল বাজার কসাইখানা | ৬৩,০০০/- | ৫০০/- | | |

**শর্তাবলী**

১. বাসাইল হাট ও বাসাইল বাজার কসাইখানা ১৪৩১ বাংলা সনের (১ বৈশাখ থেকে ৩০ চৈত্র পর্যন্ত) জন্য ০১ (এক) মেয়াদে ইজারা দেয়া হবে।

২. দরদাতাকে দরপত্রের সাথে দরপত্রে উল্লেখিত দরের শতকরা ৩০ ভাগ (৩০%) অর্থ জামানত হিসেবে যে কোন তফসিলী ব্যাংক থেকে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে ‘মেয়র, বাসাইল পৌরসভা’ এর অনুকুলে জমা দিতে হবে। অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। উক্ত টাকা থেকে ২৫% অর্থ ইজারা মূল্যের সঙ্গে সমন্বয় করা হবে। বাকী ৫% অর্থ জামানত হিসেবে সংরক্ষিত থাকবে। ইজারা গ্রহীতা নিজ খরচে বাসাইল হাট ও বাসাইল বাজার কসাইখানা পরিস্কার-পরিচ্ছন্ন না করলে বা কোন প্রকার ক্ষতি সাধন করলে উক্ত ৫% জামানত থেকে তার ব্যয় মেটানো হবে এবং বছর সমাপনান্তে অব্যবহৃত টাকা জমাকারীর বরাবর প্রত্যার্পণ করা হবে।

৩. যার দরপত্র গৃহীত হবে, দরপত্র সংবাদ অবহিত হওয়ার পর ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লেখিত দরের অবশিষ্ট শতকরা ৭৫ ভাগ (৭৫%) অর্থ সংশ্লিষ্ট হিসাবে জমা প্রদান পূর্বক জমার রশিদ নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে জমা দিতে হবে। মোট দাখিলকৃত দরের অতিরিক্ত ১০% আয়কর কোড নং ১-১১৪১-০১২০-০১১১ এবং ১৫% ভ্যাট (মূল্য সংযোজন কর) কোড নং ১-১১৩৩-০০৩৫-০৩১১ বরাবর চালানের মাধ্যমে জমা প্রদান পূর্বক চালানের কপি অবশ্যই একই সঙ্গে জমা প্রদান করতে হবে। অন্যথায় বাসাইল হাট ও বাসাইল বাজার কসাইখানা এর জন্য জমাদানকৃত জামানত বাজেয়াপ্ত পূর্বক পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।

৪. প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হবে এবং উক্ত দর যদি সংশ্লিষ্ট সম্ভাব্য সরকারি মূল্য থেকে কম হয় তাহলে পুনরায় দরপত্র আহ্বান করা হবে। দ্বিতীয়বার দরপত্র আহ্বান করা স্বত্তেও যদি প্রাপ্ত সর্বোচ্চ দর পূর্ববর্তী তিন বৎসরের গড় ইজারা মূল্য সরকারি মূল্য ও পরিপত্রের নির্দেশ অনুযায়ি কম হয় তাহলে ইজারা প্রদানের কার্যক্রম কাঙ্খিত ইজারা মূল্য না হওয়া পর্যন্ত অব্যাহত থাকবে।

৫. এক বিষয়ের জন্য ক্রয়কৃত দরপত্রের সিডিউল অন্য বিষয়ের জন্য সিডিউল হিসেবে ব্যবহার করা যাবেনা। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র সিডিউল বিক্রি করা হবেনা। এক দফায় কোন বিষয়ের ইজারা কার্যক্রম শেষ হলে পরবর্তী দফার জন্য সেই বিষয়ের সিডিউল বিক্রি স্বয়ংক্রিয়ভাবে বন্ধ থাকবে।

৬. খামের উপর দরপত্র দাতার নাম, ঠিকানা ও বিষয়ের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

৭. সরকার অনুমোদিত টোল রেইট মোতাবেক বাসাইল হাট এবং বাসাইল বাজার কসাইখানার টোল আদায় করতে হবে। অতিরিক্ত এবং বিনা রশিদে টোল আদায় করা যাবেনা। ইজারাদার নিজ খরচে দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট ৮ ফুট বাই ৪ ফুট আকারে সাইনবোর্ড টাঙিয়ে প্রচার করবেন।

৮. ‘পৌরসভা আদর্শ কর তফসিল, ২০১৪’ অনুযায়ী পশু জবাই ‘ফি’ আদায়ের ক্ষেত্রে মহিষ ১৫০/- (একশত পঁঞ্চাশ) টাকা, গরু ১০০/- (একশত) টাকা এবং ছাগল, খাঁসি, ভেড়া ৫০/- (পঁঞ্চাশ) টাকা প্রতিটি প্রতিবার আদায় করা যাবে।

৯. প্রত্যেক বিষয়ের জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে। দরপত্র দাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে।

১০. ইজারাদার কোন ক্রমেই কোন বিষয় অন্যের নিকট সাবলিজ দিতে পারবেন না। যদি অনুরুপ কোন প্রকার কার্যকলাপ পরিলক্ষিত হয় অথবা ইজারার শর্তাবলী লংঘন করা হয় তাহলে ইজারা বাতিল বলে গণ্য হবে।
১১. ইজারা অনুমোদনের পরে ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে ৩০০/- (তিনশত পঞ্চাশ) টাকার নন জুডিশিয়াল ষ্ট্যাম্পে ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করতে হবে।
১২. দুই বা ততোধিক দরদাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চুড়ান্ত বলে গণ্য হবে।
১৩. কোন প্রকার ঘষামাজা, কাটাকাটি বা লেখার উপর লেখা দরপত্র গ্রহণযোগ্য হবেনা।
১৪. ইজারাদার নিজ খরচে বাসাইল হাট এবং বাসাইল বাজার কসাইখানা পরিস্কার-পরিচ্ছন্ন রাখবেন।
১৫. ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিষ্টার সংরক্ষণ করবেন।
১৬. যথাযথ কর্তৃপক্ষ যে কোন সময় ইজারা বাতিল বলে ঘোষনা করলে ইজারা গ্রহীতা (২য় পক্ষ) তা মানতে বাধ্য থাকবেন এবং কোন প্রকার ওজর/আপত্তি করতে পারবেন না। এ ক্ষেত্রে জমাকৃত ইজারার অর্থ ইজারা গ্রহীতা কর্তৃক দখলকৃত সময়ের জন্য হারাহারিভাবে কর্তনপূর্বক বাকী অর্থ ইজারা গ্রহীতাকে প্রদান করা হবে।
১৭. ইজারার টাকা সরকারি দাবি আদায় আইন অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা যাবে।
১৮. কোরবানীর পশুর হাট এই ইজারার আওতামুক্ত থাকবে।
১৯. নির্ধারিত সময়েরপর কোন দরপত্র গ্রহণ করা হবেনা।
২০. কর্তৃপক্ষের বিনা অনুমতিতে কোন প্রকার স্থাপনা নির্মাণ/ভাঙা/পরিবর্তণ করা যাবেনা।
২১. কৃষিজাত দ্রব্য যেমন : শাক-সবজি, তরকারি, হাঁস, মুরগি কবুতর ইত্যাদি এবং বাঁশ, ঝাঁকা, মাটি কাটার ডালি/টুকরী বিক্রয়ের জন্য নিয়ে আসা খুচরা ক্রেতা-বিক্রেতার নিকট থেকে কোন প্রকার টোল আদায় করা যাবেনা।
২২. ক্রেতা-বিক্রেতা যে কোন এক পক্ষের কাছ থেকে টোল আদায় করতে হবে।
২৩. কর্তৃপক্ষ কোন কারণ দর্শাণো ব্যাতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

স্বা.
(মো. রাহাত হাসান)
মেয়র
বাসাইল পৌরসভা
টাঙ্গাইল।

স্মারক নং : বাসাপৌর/প্রশা/সাধা-৩০৬/২০২৪-১১৭ তারিখ : ১২ ফেব্রুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ।

অনুলিপি : সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো।

১. জেলা প্রশাসক, টাঙ্গাইল।
২. পুলিশ সুপার, টাঙ্গাইল।
৩. উপজেলা নির্বাহী অফিসার, বাসাইল, টাঙ্গাইল।
৪. সহকারি কমিশনার (ভূমি), বাসাইল, টাঙ্গাইল।
৫. অফিসার ইনচার্জ, বাসাইল থানা, বাসাইল, টাঙ্গাইল।
৬. জনাব ......................................................................................., কাউন্সিলর (সকল), বাসাইল পৌরসভা, টাঙ্গাইল।
৭. উপজেলা সাব-রেজিষ্ট্রার, বাসাইল, টাঙ্গাইল (নোটিশ বোর্ডে টাঙ্গানোর অনুরোধ সহ)।
৮. ব্যবস্থাপক, সোনালী ব্যাংক পিএলসি.বাসাইল শাখা, টাঙ্গাইল।
৯. সম্পাদক, দৈনিক ..............................................................................., টাঙ্গাইল। আপনাকে কেবলমাত্র বিজ্ঞপ্তিটুকু ০৪ কলাম ০৫ ইঞ্চি আকারে আগামী ১৪ ফেব্রুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ, এর মধ্যে ০১ (এক) দিনের জন্য ভেতরের পাতায় ছাপাপূর্বক বিজ্ঞপ্তির কপিসহ বিল দাখিলের জন্য অনুরোধ করা হলো।
১০. উপজেলা পোস্ট মাষ্টার, বাসাইল, টাঙ্গাইল (নোটিশ বোর্ডে টাঙ্গানোর অনুরোধ সহ)।
১১. ইউনিয়ন ভূমি উপসহকারি কর্মকর্তা, বাসাইল, টাঙ্গাইল (নোটিশ বোর্ডে টাঙ্গানোর অনুরোধ সহ)।
১২. জনাব মো. লাবলু আহমেদ, পিতা : মো. রাজ আলী আহমেদ, (১৪৩০ বাংলা সনের হাটের ইজারাদার), বাসাইল, টাঙ্গাইল।
১৩. জনাব ....................................................................................................................., বাসাইল, টাঙ্গাইল।
১৪. নোটিশ বোর্ড, বাসাইল পৌরসভা।
১৫. অফিস নথি।

১২.০২.২০২৪
(মো. রাহাত হাসান)
মেয়র
বাসাইল পৌরসভা
টাঙ্গাইল।